

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
১৪৫, মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৯ এ জেডিপিসি'র  
প্যাভিলিয়ন নির্মাণের জন্য দরপত্র বিজ্ঞপ্তি।

সূত্রঃ ২৪.০৯.০০০০.০০০.২৫.৩৭৬.১৮.

তারিখঃ ০৯-১২-২০১৮ইং

০১।	<u>কাজের বিবরণ:</u> ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৯-এ জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর জন্য বরাদ্দকৃত স্থানে টার্নকি পদ্ধতিতে ৫০x৫০ বর্গফুট আয়তনের ১টি প্যাভিলিয়ন নির্মাণ করতে হবে। প্যাভিলিয়নটি জুটের টেকচার দিয়ে ভিতরে ৮'x ৮' আয়তনের কমবেশী ২৫/২৬ টি স্টল তৈরী করতে হবে (দরপত্রের সাথে ডামি জমা দিতে হবে)। সিডিউলের সাথে জেডিপিসি থেকে ডামির স্কেচ সরবরাহ করা হবে।
০২।	<u>আর্নেস্ট মানিঃ</u> দরপত্র মূল্যের ২.৫% পে-অর্ডারের মাধ্যমে <b>EC Complex Jute Sector-JDPC</b> অনুকূলে জমা দিতে হবে।
০৩।	<u>দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতাঃ</u> ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় ন্যূনতম ৫ বৎসর প্যাভিলিয়ন নির্মাণের অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।
০৪।	<u>সিডিউল বিক্রিঃ</u> দরপত্র সিডিউল আগামী ১১-১২-২০১৮ তারিখ হতে ১৮-১২-২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত জেডিপিসি'র হিসাব শাখা থেকে অ-ফেরৎ যোগ্য ১,০০০/০০ (এক হাজার) টাকার বিনিময়ে ক্রয় করা যাবে। উল্লেখ্য, সিডিউল আগামী ১৮-১২-২০১৮ তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত ক্রয় করা যাবে।
০৫।	<u>দরপত্র জমাঃ</u> আগামী ১৮-১২-২০১৮ তারিখ দুপুর ২.৩০ টার মধ্যে জেডিপিসি কার্যালয়ের প্রশাসন শাখায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দেয়া যাবে।
০৬।	দরপত্রবন্ধ খোলাঃ আগামী ১৮-১২-২০১৮ তারিখ বিকাল ৩.০০ টায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রবন্ধ খোলা হবে।
০৭।	<u>প্যাভিলিয়ন হস্তান্তরঃ</u> আগামী ০৭-০১-২০১৯ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে কার্যাদেশ অনুযায়ী প্যাভিলিয়নের সকল নির্মাণ কাজ সম্পন্ন করে জেডিপিসি কর্তৃপক্ষের নিকট প্যাভিলিয়ন হস্তান্তর করতে হবে।
০৮।	<u>ট্রেড লাইসেন্স, ভ্যাট, ট্যাক্স সংক্রান্ত হালনাগাদ সনদ, জাতীয় পরিচয় পত্রের</u> সত্যায়িত ফটোকপি, অভিজ্ঞতা সনদ ও দুইকপি পাসপোর্ট সাইজের ছবি দরপত্রের সংগে জমা দিতে হবে।
০৯।	কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নহে এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র আংশিক বা পুরোপুরি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১০।	বিস্তারিত তথ্যের জন্য জেডিপিসির প্রশাসন শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মো: মঈনুল হক  
পরিচালক (পিএমআই)